

# সমকাল

## বুয়েটের প্রধান ফটকে তালা, ভিসির কার্যালয়ের সামানে শিক্ষার্থীদের অবস্থান

১৮ ঘণ্টা আগে

---

বিশেষ প্রতিনিধি

---



আবরার ফাহাদকে পিটিয়ে হত্যার ঘটনায় উত্তাল বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট)। অবিরাম আন্দোলন চলছে শিক্ষার্থীদের। সোমবার হত্যাকাণ্ডর থেকে এখনও ক্যাম্পাসে আসেননি উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলাম। ক্ষুব্ধ শিক্ষার্থীরা বারবার উপচার্যের সঙ্গে সাক্ষাতের কথা বললেও তা আমলে নেননি হল প্রাধ্যক্ষ। আন্দোলনকারী শিক্ষার্থীরা মঙ্গলবার বিকেল ৫টার মধ্যে উপাচার্যকে ক্যাম্পাসে আসার আলটিমেটাম দেন। সে সময়ও পেরিয়ে গেছে। এতে ক্ষুব্ধ শিক্ষার্থীরা বুয়েটের প্রধান ফটকে তালা দিয়ে ভিসির কার্যালয়ের সামনে বিক্ষোভ করছেন।

একটি সূত্র জানিয়েছে, কার্যালয়ে ভেতরে হল প্রভোস্টদের সঙ্গে বৈঠকে বসেছেন ভিসি।

মঙ্গলবার বিকেল সোয়া ৫টার দিকে প্রধান ফটকে তালা দেওয়া হয়। এর আগে চলতি শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা হুগিতসহ সাত দফা দাবি জানান আন্দোলনরত শিক্ষার্থীরা। দাবিগুলো মধ্যে একটি ছিল- হত্যাকাণ্ডের ঘটনার পর ৩০ ঘণ্টা পার হলেও বুয়েট ভিসি ঘটনাস্থলে উপস্থিত না হওয়ার বিষয়ে মঙ্গলবার বিকেল পাঁচটার মধ্যে তার জবাবদিহি নিশ্চিত করা।